উপজেলা পরিষদ কার্যালয়
কালকিনি, মাদারীপুর
www.kalkini.madaripur.gov.bd

মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব উত্তম কুমার দাশ
প্রশাসক, উপজেলা পরিষদ
কালকিনি, মাদারীপুর
সভার তারিখ ঃ ২৮/০৪/২০২৫ খ্রি.
সময় ঃ সকাল: ১১:০০ টা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। তারপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

আলোচ্য বিষয় -১। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। আবাদ পরিস্থিতি<br>ক) তিল আবাদ ১৬৬ হেক্টর।<br>খ) মুগ আবাদ ৫৬ হেক্টর।<br>গ) শাকসবজি ১২৫ হেক্টর।<br>২। উৎপাদন পরিস্থিতি:<br>ক) সরিষা আবাদ-৪৫২০ হে:, কর্তন ৮৮৫ হে:,গড় ফলন-১.১১৫ মে.টন।<br>খ) পেঁয়াজ আবাদ-৪৩২ হে:, কর্তন ৩৭০ হে:,গড় ফলন-১০.৪৪ মে.টন।<br>গ) আলু আবাদ- ১২২ হে:, কর্তন ১১৮ হে:,গড় ফলন-৩০ মে.টন।<br>ঘ) ধনিয়া আবাদ-১০৬৫ হে:, কর্তন ২৪৫ হে:,গড় ফলন-১.১ মে.টন।<br>ঙ) মসুর আবাদ-৯৫ হে:, কর্তন ১৫ হে:,গড় ফলন-২.২ মে.টন।<br>২। কৃষক প্রশিক্ষণ:<br>বিভিন্ন প্রকল্পের আওতায় ১১০ জন কৃষক/কৃষানীকে বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে প্রশিক্ষন প্রদান করা হয়েছে।<br>৩। কৃষক প্রশিক্ষণ:<br>বিভিন্ন প্রকল্পের আওতায় ৯০ জন কৃষক/কৃষাণীকে বিভিন্ন প্রযুক্তি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৬। কৃষি প্রণোদনা কর্মসূচী:<br>২০২৪-২০২৫ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় কৃষক/কৃষানীকে বিনামূল্যে ২৫০ জন কৃষক/কৃষাণীকে উফশী আউশ বীজ এবং রাসায়নিক সার বিতরণ করা হবে।<br>৭। বিবেচ্য মাসে উপজেলার সার পরিস্থিতি<br>ক) ইউরিয়া বরাদ্দ ২০০ মে.টন, মজুদ- ২৩১ (মে.টন)<br>খ) টিএসপি বরাদ্দ ৪৫ মে.টন, মজুদ- ২২ (মে.টন)<br>গ) ডিএপি বরাদ্দ ১১০ মে.টন, মজুদ- ৬৫ (মে.টন)<br>ঘ) এমওপি বরাদ্দ ৫৫ মে.টন, মজুদ- ২৫ (মে.টন) | (১-৭) সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসারকে বলা হয়। | উপজেলা কৃষি অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -২। উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। বিবেচ্য মাসে স্বাস্থ্য সেবার প্রতিবেদন: রোগীর সংখ্যা বহিঃ বিভাগে ৬০৬৮ জন, জরুরী বিভাগে-৯৩৪ জন, আন্তঃ বিভাগে -১৩৪২ জন, ৪ টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে রোগীর সংখ্যা -৩৮১০ জন, ৩৫ টি কমিউনিটি ক্লিনিকের চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা -২৫০৭৫ জন, সর্বমোট চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা -৩৭২২৯ জন, শয্যা ব্যবহারের হার ৯৫.৮৬%, রোগীর গড় অবস্থান- ২.১১ দিন, মৃত্যুর হার ০.৩১%, সিজারিয়ান অপারেশন- ০৪ জন, স্বাভাবিক প্রসব -১৭ জন, দুর্ঘটনায় আহত রোগীর সংখ্যা- ৫৪ জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা -০ জন, স্বাভাবিক মৃত্যুর সংখ্যা ২ জন ও মাইনর সার্জারী -১১৩ জন ও ফেব্রুয়ারী মাসে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা ০১ জন। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০২

CamScanner

আলোচ্য বিষয় -৩। উপজেলা প্রকৌশল বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। উপজেলা উন্নয়ন তহবিল সংক্রান্ত আলোচনা: উপজেলা প্রকৌশলী সভায় জানান বিগত ২৪/১২/২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় "পরিশিষ্ট-খ" তালিকা মোতাবেক বিভিন্ন প্রকল্প অনুমোদিত হয়। সরেজমিনে প্রকল্পসমূহ বাস্তবায়নের জটিলতা দেখা দেওয়ায় নিম্নোক্তভাবে প্রকল্প সমূহ পরিবর্তনের প্রস্তাব এবং জরুরী বিবেচনায় নতুন প্রকল্প অনুমোদনের লক্ষ্যে সভায় প্রস্তাব করেন:-<br>ক. উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব) আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়িতব্য প্রকল্প তালিকার ৪ নং ক্রমিকের প্রকল্প নিম্নোক্ত সংশোধনের প্রস্তাব করেন-<br>১। সাহেবরামপুর ইউনিয়নের সাহেবরামপুর সাইদুল হক সরদারের বাড়ীর ব্রিজ থেকে দক্ষিণ পাশে ফারহাদ সরদারের বাড়ীর রাস্তা পর্যন্ত ইটের সলিং দ্বারা রাস্তা উন্নয়ন-৩৪৫৪১৫.০০ টাকার প্রকল্প।<br>২। সাহেবরামপুর লঞ্চঘাট নদীতে মিনি ওয়াচ টাওয়ার নির্মান-৬৫৪৫৮৫.০০ টাকা।<br>খ. উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (এডিপি) আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়িতব্য প্রকল্প তালিকার ৩ নং ক্রমিকের প্রকল্প নিম্নোক্ত সংশোধনের প্রস্তাব করেন-<br>১। সাহেবরামপুর ইউনিয়নের ০৪ ও ০৭ নং ওয়ার্ডে নাজিমউদ্দিন হাওলাদারের বাড়ীর সামনের কাঠের সেতু মেরামত এবং সংযোগ সড়কে মাটি ভরাট ও ইট সলিং কাজ- ৫০০০০০.০০ লক্ষ টাকা।<br>গ। আলিনগর ইউনিয়নের কালীগঞ্জ-ফাসিয়াতলা প্রধান সড়ক হতে আলিনগর ইউনিয়ন পরিষদ ভবন পর্যন্ত সংযোগ সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন- ৬০০০০০.০০ লক্ষ টাকা।<br>ঘ. বিভিন্ন স্থানে ১৩টি গভীর নলকূপ স্থাপন যথা :- ১। উত্তর কৃষ্ণনগর সামসুল হক মৃধা, পিতা আজিজ মৃধা। ২। এনায়েতনগর ইউনিয়নের দড়িচর লক্ষীপুর গ্রামের আব্দুল মুইদ, পিতা- শাহ আলম ৩। কাশিমপুর খন্দকার বাড়ী জামে মসজিদ ৪। বাঁশগাড়ী ইউনিয়নের ভবানীশংকর গ্রামের মোঃ রাশেদ ঢালী, পিতা- মৃত মোঃ রশিদ ঢালী ৫। গালর্স স্কুলের সুমন মাষ্টার ৬। কালকিনি পাড়া ৭। কালকিনি সরকারী প্রাথমিক শিক্ষক সমিতি। ৮-১৩। বিগত ১১/০৩/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার "পরিশিষ্ট-খ" তালিকার ১০ থেকে ১৫ নং ক্রমিকের প্রকল্পসমূহ অদ্যবধি বাস্তবায়ন করা হয়নি। তন্মধ্যে ক্রমিক নং ১০ এর ২ ও ৩ ক্রমিক নং ১১ এর ২ ও ৩ ক্রমিক নং ১৩ এর ২ এবং ক্রমিক নং ১৪ এর ৩ নং গভীর নলকূপসমূহ ব্যতিত অন্যান্য গভীর নলকূপ বাস্তবায়নের প্রয়োজন নেই। উক্ত ৬ টি নলকুপ সহ মোট ১৩ টি গভীর নলকুপ =৮৪৫০০০.০০ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন।<br>ঙ। বিগত ২৮/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার "পরিশিষ্ট-খ" তালিকার উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (এডিপি) পিআইসি এর মাধ্যমে বাস্তবায়িতব্য তালিকার ক্রমিক নং ০২ এর প্রকল্প কালকিনি উপজেলার বিভিন্ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রে স্বাস্থ্য সামগ্রী বিতরণ এর স্থলে কালকিনি উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রে স্বাস্থ্য সামগ্রী বিতরণ প্রকল্প অনুমোদনের প্রস্তাব করেন।<br>চ। শিকারমঙ্গল ইউনিয়নের ৪২ নং শিকারমঙ্গল সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প- ২ লক্ষ টাকা।<br>ছ। আলিনগর ইউনিয়নের ১। ৫নং ওয়ার্ডের কালিনগর গ্রামের মাহবুব সরদার, পিতা- আনোয়ার সরদার ২। ৮নং ওয়ার্ডের দক্ষিন কানাইপুর গ্রামের কামাল হাওলাদার, পিতা- গনি হাওলাদার ৩। ১নং ওয়ার্ডের উত্তর কোলচরী স্বল্প, লালমিয়া সরদার এর বাড়ির সামনে গভীর নলকূপ স্থাপন। প্রাক্কলিত ব্যয়- ২০০০০০.০০ টাকা।<br>২। হাট-বাজার ইজারা সংক্রান্ত তহবিল ঃ সভায় উপজেলা প্রকৌশলী হাট বাজার ইজারা তহবিল হতে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের ১০% অর্থ দ্বারা সাহেবরামপুর ইউনিয়নের সাহেবরামপুর গ্রামের আন্ডারচর গ্রামের মোহাম্মদ সরদার এর বাড়ী হতে আন্ডারচর হাট অভিমূখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন- ৫০০০০০.০০ টাকা এর মধ্যে সীমাবদ্ধ রেখে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন। | ১(ক ও খ)। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রকল্পসমূহের বাস্তবায়ন পদ্ধতি ঠিক রেখে প্রয়োজনীয় সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১(গ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রকল্প আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১(ঘ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রকল্পসমূহ প্রস্তাবমতে অনুমোদন করা হয়।<br>১(ঙ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রকল্পসমূহ প্রস্তাবমতে অনুমোদন করা হয়।<br>১(চ-ছ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রকল্প ২টি চলতি অর্থ বছরে পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রকল্পটি প্রস্তাবমতে অনুমোদন করা হয়। | উপজেলা প্রকৌশলী কালকিনি, মাদারীপুর |



৭

| | | |
|---|---|---|
| ১। এলজিইডির আওতাধীন রাস্তার নামকরণ সংক্রান্ত আলোচনা:<br>সভায় জানানো হয় যে, বিগত ১৫/০১/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় এলজিইডির আইডিভূক্ত বাঁশগাড়ী ইউনিয়নের ০৫টি রাস্তা ঐ ইউনিয়নের ০৪ জন বিখ্যাত ব্যক্তির নামে নামকরনের প্রস্তাব জেলা প্রশাসক মহোদয়ের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। প্রেরিত প্রস্তাবের প্রেক্ষিতে নামকরনের প্রস্তাব নতুনভাবে যাচাই করে পুনরায় স্থানীয় সরকার বিভাগে প্রেরনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনার প্রেক্ষিতে যাচাইপূর্বক দেখা যায় উক্ত ব্যক্তিবর্গের নামে রাস্তাসমূহের নাম করনের যৌক্তিকতা রয়েছে। এ বিষয়ে সভাকে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>ক. খাসেরহাট টু নাগেরপাড়া সংযোগ সড়কটি বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট মতিউর রহমান (সাবেক সংসদ সদস্য) সড়ক নামে নামকরণ (আইডি নম্বর-৩৫৪৪০২০০৬)। খ. খাসেরহাট টু শরিয়তপুর নতুন বাজার সড়কটি এম.এ হাই (সাবেক অধ্যক্ষ, খাসেরহাট সৈয়দ আবুল হোসেন স্কুল এন্ড কলেজ) সড়ক নামে নামকরণ (আইডি নম্বর-৩৫৪৪০২০০৭)। গ. স্নানঘাটা বাজার হইতে সূর্যমনি ভায়া স্নানঘাটা হাই স্কুল সড়কটি বীর মুক্তিযোদ্ধা হাবিবুর রহমান আজাদ (সাবেক চেয়ারম্যান, কালকিনি উপজেলা পরিষদ) নামে নামকরণ (আইডি নম্বর-৩৫৪৪০৪১৩৭)। ঘ. বাঁশগাড়ী ইউনিয়ন পরিষদ হেডকোয়ার্টার্স UZR-06 মোয়াজ্জেম সরদার বাড়ী টু এ্যাডভোকেট মতিউর রহমান হাউজ সড়কটি বীরমুক্তিযোদ্ধা আব্দুর রশিদ আকন সড়ক নামে নামকরণ (আইডি নম্বর-৩৫৪৪০৩০৩৯) ঙ. বাঁশগাড়ী ইউনিয়ন পরিষদ হেডকোয়ার্টার্স UNR-3028 পরিপত্তর জাকির রাঢ়ী বাড়ী টু মাদ্রাসা বাজার সড়কটি বীরমুক্তিযোদ্ধা আব্দুর রশিদ আকন সড়ক নামে নামকরণ (আইডি নম্বর-৩৫৪৪০৩০৪০)।<br>২। এলজিইডির আওতাধীন রাস্তার নামকরণ সংক্রান্ত আলোচনা:<br>সভায় জানানো হয় যে, বিগত ২৯/১২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় এলজিইডির আইডিভূক্ত সাহেবরামপুর ইউনিয়নের ০২টি রাস্তা ঐ ইউনিয়নের ০২ জন বিখ্যাত ব্যক্তির নামে নামকরনের প্রস্তাব জেলা প্রশাসক মহোদয়ের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। প্রেরিত প্রস্তাবের প্রেক্ষিতে নামকরনের প্রস্তাব নতুনভাবে যাচাই করে পুনরায় স্থানীয় সরকার বিভাগে প্রেরনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। যাচাইপূর্বক দেখা যায় উক্ত ব্যক্তিবর্গের নামে রাস্তাসমূহের নাম করনের যৌক্তিকতা রয়েছে। এ বিষয়ে সভাকে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>(ক) সাহেবরামপুর ইউনিয়নের সাহেবরামপুর বাজার হতে হাচেন আকনের হাট অভিমুখী সড়ক (আইডি নম্বর-৩৫৪৪০৩০০৬) এর নাম পরিবর্তন করে বীর মুক্তিযোদ্ধা আবুল হোসেন রাড়ী সড়ত নামে এবং (খ) সাহেবরামপুর ইউনিয়নের ক্রোকিচর গ্রামের ইউডেজআর-০১, সিকদার বাড়ী মসজিদ হইতে গজারিকান্দি ভায়া উকিল বাড়ী মাদ্রাসা সড়কের মাথা পযন্ত রাস্তা (আইডি নম্বর-৩৫৪৪০৫১২০) নাম পরিবর্তন করে বীর মুক্তিযোদ্ধা মোঃ জাহাঙ্গীর আলম এর নামে নামকরণের প্রস্তাবের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১ (ক-ঙ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সড়ক ০৫টির নামকরনের প্রস্তাব পুনরায় জেলা উন্নয়ন সমন্বয় কমিটির নিকট প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২ (ক-খ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সড়ক ০৫টির নামকরনের প্রস্তাব পুনরায় জেলা উন্নয়ন সমন্বয় কমিটির নিকট প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসের কার্যক্রমঃ ক. কৃত্রিম প্রজনন- ১০৫০ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। খ. শংকর জাতের বাছুর উৎপাদন- চলতি মাসে ৪১০ টি বাছুর উৎপাদিত হয়েছে। গ. গবাদি পশুর চিকিৎসা- চলতি মাসে ৩০০০ টি গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে। ঘ. হাঁস-মুরগীর চিকিৎসা- চলতি মাসে ২৮৩০০ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে।<br>ঙ. গবাদি পশুর টিকা প্রদান- চলতি মাসে ২০০০ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে। চ. হাঁস-মুরগির টিকা প্রদান- চলতি মাসে ১০১৯০০ টি হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে। ছ. প্রশিক্ষন প্রদান : ১৬০ খামারীকে। | স্বাভাবিক নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |

চলমান পাতা-০৪



CS CamScanner

আলোচ্য বিষয় -৫। সিনিয়র উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা:-<br>রাজস্ব খাতের আওতায় দেশিয় প্রজাতির মাছ, শামুক সংরক্ষণ, উন্নয়ন প্রকল্প ও ইলিশ সম্পদ উন্নয়ন এবং ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বিভিন্ন কাজ চলমান আছে।<br>ক. অফিসে ও মাঠে ২০ জন চাষীকে পরামর্শ দানসহ মোট ক্রমপুঞ্জিত ১৮০ জন সুফলভোগীকে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কালকিনি এর সেবার আওতায়/সান্নিদ্ধে আনা হয়।<br>খ. সরকার ঘোষিত ০১ নভেম্বর/২০২৪ থেকে ৩০ জুন/২৫ পর্যন্ত জাটকা রক্ষা কার্যক্রম এর আওতায় কালকিনির আড়িয়াল খা নদে জাটকা রক্ষা কার্যক্রম বাস্তবায়নে ২টি অভিযান ও ০১টি মোবাইল কোর্ট এবং বিলে চায়না চাই ও কারেন্ট জালের ০১টি মৎস্য সংরক্ষণ আইনী মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হয।<br>গ. এছাড়াও বিভিন্ন মাছ বাজার, আড়তে ও হাট-বাজারে ৩০ টি মৎস্য সংরক্ষণ আইনী পরিদর্শন ও তদারকিতে থাকা হয়।<br>ঘ. ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় দরিদ্র জেলেদের তালিকা হালনাগাদ কাজ চলমান রয়েছে।<br>ঙ. প্রতিবছরের ন্যায় এবছর ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় জাটকা ধরা থেকে বিরত থাকা জেলেদের ভিজিএফ (চাল) বিতরণ করা হয়েছে।<br>চ. ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় জাটকা ধরা থেকে বিরত থাকা জেলেদের ভিজিএফ (চাল) বিতরণ করা হয়েছে। | ১(ক-ঘ) স্বাভাবিক ভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। উপজেলা পরিষদ কাবিখা: গ্রামীণ অবকাঠামো ১ম ও ২য় পর্যায়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপ্রাপ্ত খাদ্যশস্য (গম) দ্বারা ১১টি এবং (চাল) দ্বারা ১১টি সর্বমোট ২২টি প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>২। উপজেলা পরিষদ কাবিটা: গ্রামীণ অবকাঠামো ১ম ও ২য় পর্যায়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপ্রাপ্ত টাকা দ্বারা ৪০টি প্রকল্প অনুমোদন করা হয়েছে।<br>৩। উপজেলা পরিষদ টিআর: গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম ও ২য় পর্যায়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপ্রাপ্ত টাকা দ্বারা ৭২টি প্রকল্প অনুমোদন করা হয়েছে।<br>৪। ঈদ উল ফিতর ভিজিএফ (ইউনিয়ন) : বরাদ্দ ১.৪১৮ মে. টন।<br>৫। ঈদ উল ফিতর ভিজিএফ (পৌরসভা) : বরাদ্দ ৪.৬১০ মে. টন।<br>৬। বীর নিবাস নির্মান প্রকল্প: ০৯টি প্যাকেজে ৭৩টি বীর নিবাসের মধ্যে ৫৪টি বীর নিবাসের কাজ শেষ হয়েছে। অবশিষ্ট ১৯টি বীর নিবাসের মধ্যে ১৬টি বীর নিবাসের নির্মান কাজ চলমান।<br>৬। ব্রীজ/কালভার্ট নির্মান প্রকল্প: ২০২৩-২০২৪ অর্থ বছরে কার্যাদেশকৃত ০৯টি বক্স কালভার্ট এর নির্মান কাজ চলমান রয়েছে।<br>৭। গ্রামীন রাস্তা এইচবিবিকরণ প্রকল্প : ২০২৪-২০২৫ অর্থ বছরে ১.০০০ কিলোমিটার রাস্তার বরাদ্দ পাওয়া গিয়েছে। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো এবং নিয়মিত উন্নয়ন প্রকল্প তদারকির জন্য বলা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৭। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার নিম্নোক্ত বিষয় সভায় আলোচনা করেন:-<br>১। উপজেলা পরিষদ এর অর্থায়নে চার ধাপে ১৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১০৬৮ জন শিক্ষার্থীর মাঝে স্কুল ড্রেস বিতরণ করা হয়েছে। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো | উপজেলা শিক্ষা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম সঠিকভাবে চলছে। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম সঠিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | সরকার নির্ধারিত নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

চলমান পাতা-০৫

CamScanner

আলোচ্য বিষয় -৯। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসের তথ্য:<br>১। নিবন্ধিত সমিতি সংক্রান্ত আলোচনা: প্রাথমিক বিভাগীয় সমিতি ১৬৪ টি(সিআইজি মৎস্য-২০, কৃষি-২৮, প্রাণি সম্পদ-০৬), কেন্দ্রীয় সমিতির সংখ্যা ০১ টি (বিআরডিবি), প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১৭১ টি ও সার্বিক গ্রাম উন্নয়ন সমিতির সংখ্যা ৩০ টি।<br>২। নিরিক্ষার জন্য বরাদ্দকৃত সমিতি সংক্রান্ত আলোচনা: প্রাথমিক বিভাগীয় সমিতি ৬২ টি, কেন্দ্রীয় সমিতি ০১ টি, বিআরডিবি প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা- ৩০ টি, বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা- ৫৯ টি ও কেন্দ্রীয় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা সংখ্যা ১ টি ও বিআরডিবি প্রাথমিক সমবায় সমিতির অডিট নিস্পত্তির সংখ্যা - ০ টি।<br>৩। অডিট ফি সংক্রান্ত আলোচনা (অডিট বর্ষ ২০২২-২০২৩): ধার্য =৭৪৩২০/-, অত্র মাস পর্যন্ত আদায় = ৭৪৩২০/-, আদায় বাকী- ০ টাকা।<br>৪। সমবায় উন্নয়ন তহবিল সংক্রান্ত আলোচনা: ধার্য (অডিট বর্ষ) =১৭৫৯২০/-, আদায় =১৭৫৯২০/-, আদায় বাকী ০<br>৫। আশ্রয়ণ প্রকল্পের ঋণ সংক্রান্ত আলোচনা: বিতরণ =১৩৪৭০০০/-, আদায় = ১০৬৮৩৫১/-. আদায় বাকী = ২৭৮৬৪৯ /-<br>০৬। সমিতির নির্বাচন অনুষ্ঠান ১৬ টি<br>০৭। লভ্যাংশ বিতরণকৃত সমিতির সংখ্যা- ২৩ টি, অত্র মাস পর্যন্ত বিতরণের পরিমান ২ টি।<br>০৮। সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ৩৬ টি। | ১-৮: সভায় উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা সমবায় অফিসার কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১০। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা:-<br>ক. উপজেলার মোট সক্ষম দম্পতি-৪২১৪৫ জন, খ. মোট গ্রহণকারীর সংখ্যা-৩০৮০৩ জন, গ. গ্রহণকারীর হার- ৭৩.০৯%, ঘ. গর্ভবতীর সংখ্যা-১৪৬ জন, ঙ. গর্ভবতী মায়ের যত্ন- ৪৮৩ জন, চ.গর্ভোত্তর মায়ের যত্ন- ১৩৯ জন, ছ. সাধারণ রোগীর সেবা- ১২২০ জন, জ. কিশোর-কিশোরী সেবা-১০০৫৩ জন, ঞ. শিশু সেবা-৩৪০ জন, ট. পুষ্টি সেবা-২১১৯ জন ঠ. প্রসব সেবা ৩১ জন । | সরকারের নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা, দরিদ্র গর্ভকালীন নারীদের সেবা প্রদান এবং শিশু স্বাস্থ্য সেবা প্রদানে পরিবার কল্যান সহকারীদের জোড়দার ভূমিকা পালনে কঠোর নির্দেশনা প্রদানের জন্য বলা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১১। পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। আলোচ্য মাসের বিদ্যুৎ সংক্রান্ত তথ্য: বিদ্যুৎ ক্রয় (কিঃওঃঘঃ) (গ্রীড মিটার = ৪৭৩১৯৩০, বিদ্যুৎ বিক্রয় (কিঃওঃঘঃ) =৪৫৯০৩৭৮, সিস্টেম লস (গ্রীড মিটার) = ২.৯৯%, বিলকৃত টাকা =৩৪৫০২৯২৭, আদায়কৃত টাকা =৩২৭৯১৮৩০, বকেয়া মাস (রিসেল, রিবেট, ও সি আই ব্যতিত) ০.৭৬, অভিযোগ সমাধান ১৫৫ টি, নতুন মিটার স্থাপন ২৯২টি, মিটার পরিবর্তন = ৬২ টি, মিটার পূণঃ সংযোগ ১৩১ টি, সংযোগ বিচ্ছিন্নকরণ ১০৪ টি, রাইট অবওয়ে (কিঃমিঃ) ২৩, মিটার রিপোর্ট তদন্ত ও ব্যবস্থা গ্রহণ ১১০ টি, লাইন পরিদর্শন (কিঃমিঃ) ১১৭, লাইন রক্ষণাবেক্ষণ- ৯৮ কিঃমিঃ, এলটি তার পরিবর্তনকরণ- ০, ইকুইপমেন্ট রেকর্ড কার্ড আপটুডেট -২৩ টি, ইকুইপমেন্ট গ্রাউন্ডিং চেক/মেরামত-০১, ওভারলোড ট্রান্সফরমার পরিবর্তন ০২ টি, বিনষ্ট/ভাঙ্গা/পঁচা/ঝুঁকিপূর্ণ পোল পরিবর্তন ০৬ টি, ওয়ারিং পরিদর্শন ২৮৪ ও প্রাথমিক সমীক্ষা সম্পাদন ২৮৪ টি। | ১। সরকারের নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা এবং গ্রাহকদের অভিযোগ সমাধানে অধিকতর তৎপর হওয়ার জন্য বলা হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কালকিনি জোনাল অফিস |

আলোচ্য বিষয় -১২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপস্থিত কিন্তু কার্যপত্র দাখিল করেননি। | নিয়মিত কার্যপত্র দাখিলের জন্য বলা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

চলমান পাতা-০৬

আলোচ্য বিষয় -১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে উপজেলা পল্লী উন্নয়ন বিভাগে কার্যক্রমঃ বিআরডিবি'র আওতাধীন কালকিনি উপজেলায় বাস্তবায়িত মোট প্রকল্প/কর্মসূচী ঃ ০৮ টি, সমিতি গঠন-১ টি, সদস্য ভর্তি-৩২ জন, শেয়ার জমা-০.৩৮ লক্ষ টাকা, সঞ্চয় জমা- ৫.০৪ লক্ষ টাকা, পল্লী উদ্যোক্তা ঋণ বিতরণ-৪৪.২০ লক্ষ টাকা, ঋন বিতরণ ১১৭.৫২ লক্ষ টাকা, ঋন আদায়- ১১৫.২১ লক্ষ টাকা, মেয়াদোত্তীর্ণ খেলাপী- ৬.৯৪ লক্ষ টাকা, মোট বকেয়া- ০ লক্ষ টাকা, প্রশিক্ষণ-২৭ জন, বর্তমান পর্যন্ত মোট সমিতি- ৮২৮ টি, বর্তমান পর্যন্ত মোট সদস্য- ১৪০৩০ জন। | সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম পরিচালনা এবং ঋন প্রদানে আরও সচেষ্ট হওয়ার জন্য বলা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় ১৪। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসে উপজেলা মহিলা বিষয়ক বিভাগে কার্যক্রমঃ<br>ক. ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কালকিনি উপজেলায় ১৪৮৪ টি কার্ডের বরাদ্দ রয়েছে। ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের মেয়াদ ডিসেম্বর/২০২৪ মাসে উত্তীর্ণ হওয়ায় ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগীর তালিকা নির্বাচন প্রক্রিয় চলমান।<br>খ. মা ও শিশু কর্মসূচীর ফেব্রুয়ারী/২০২৪ মাস পর্যন্ত ইউনিয়ন ও পৌরসভা কমিটি কর্তৃক প্রেরিত তালিকা উপজেলা কমিটিতে চূড়ান্ত অনুমোদন দেয়া হয়েছে। মা ও শিশু সহায়তা উপকারভোগীরা মাসিক ৮০০/- টাকা হারে ভাতা পাচ্ছে।<br>গ. কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম যথারীতি চলমান। পুষ্টিকর নাস্তা বিতরণ চলছে। ক্যারাতে প্রশিক্ষণ চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।<br>ঘ. সেলাই প্রশিক্ষণ কার্যক্রম চলমান। প্রতি তিন মাস অন্তর ৩০ জন প্রশিক্ষনার্থীকে আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে ৩ মাস মেয়াদী প্রশিক্ষন করানো হচ্ছে। | স্বাভাবিক নিয়মে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১৫। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বিবেচ্য মাসের বিভাগীয় কার্যক্রমঃ<br>১। সুদমুক্ত ঋণ সংক্রান্ত তথ্যঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগে ক্ষুদ্রঋণ খাতে (ক) আর এস এস বিনিয়োগ: ১১৭৪৯১৪৫.০০ আদায়ের হার-৭৬% পুনঃ বিনিয়োগ: ১২৯৩৩৩৪.০০, আদায়ের হার ৮৪% (খ) পল্লী মাতৃকেন্দ্র খাতে বিনিয়োগ: ২৩৪৯৪৮১.০০, আদায়ের হার-৭৮% পুনঃবিনিয়োগ: ২২০০৯৫৫.০০, বিনিয়োগের আদায়ের হার ৯২%। (গ) দগ্ধ ও অসচ্ছল প্রতিবন্ধী বিনিয়োগ: ১৩৮১৪৬২.০০, আদায়ের হার- ৬৪% পুনঃবিনিয়োগ: ৬৬৭০০০.০০ আদায়ের হার ৭৫% (বকেয়া ঋণ আদায়ের ক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট সকলের নিকট সহযোগিতা কামনা করেন)।<br>২। সামাজিক নিরাপত্তা বেষ্টনি সংক্রান্ত তথ্যঃ সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়ষ্ক ভাতা নিয়মিত-৯৫২১ জন, বিধবা বা স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ২৯৯২ জন, প্রতিবন্ধী ভাতা ৪৩৫৫ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ১১২ জন, অনগ্রসর জনগোষ্ঠির বয়ষ্ক ভাতা ৯৭ জন, শিক্ষা উপবৃত্তি ২৯ জন, বেঁদে ও হরিজন বিশেষ ভাতা ৩০ জন ও শিক্ষা উপবৃত্তি ২৪ জন।<br>৩। স্বেচ্ছাসেবী সংস্থা সংক্রান্ত আলোচনাঃ নিবন্ধিত সংস্থার সংখ্যা ৭১টি। ২০২৩-২৪ অর্থ বছরে জাতীয় সমাজকল্যান পরিষদ হতে বার্ষিক অনুদানের জন্য আবেদন গ্রহণ করা হয়েছে। পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জেলা কমিটিতে প্রেরণ কার্যক্রম চলমান।<br>৪। বে-সরকারী এতিমখানা সংক্রান্ত আলোচনাঃ কালকিনি ও ডাসার উপজেলায় ১০টি বে-সরকারী এতিমখানা রয়েছে। ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত মোট এতিম সংখ্যা ২২১ জন। ২০২৩-২০২৪ অর্থ বছরে ক্যাপিটেশন গ্রান্টের ২য় কিস্তি ২৬৫২০০০.০০ (ছাব্বিশ লক্ষ বায়ান্ন হাজার) টাকার চেক বরাদ্দ পাওয়া গিয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতিটি এতিমখানা পরিদর্শন করে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | স্বাভাবিকভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচলনার জন্য বলা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৭

| | | |
|---|---|---|
| **০৫। জটিল রোগের আর্থিক সাহায্য :-** ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, ষ্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক অনুদান এককালীন জনপ্রতি ৫০০০০.০০ টাকা ১০ জন রোগীকে ইএফটি এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। | | |

আলোচ্য বিষয় -১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **১। যুব প্রশিক্ষণ (রাজস্ব):** ২০২৪-২০২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ১৪ ব্যাচ ৪২০ জন, অর্থ বছরের অর্জন- ০৯ ব্যাচ ২৭০ জন, হার ৬৫%, জনসচেতনতা বিষয়ে প্রশিক্ষণ- ০০ ও ক্রমপুঞ্জিত অগ্রগতি -৮৭৩৫ জন<br>**২। যুব ঋণ বিতরণ ও আদায় (আত্মকর্ম):** ২০২৩-২০২৪ অর্থ বছরের বিতরণ লক্ষ্যমাত্রা- ২৩৮০০০০.০০, চলতি মাসে ঋণ বিতরণ ০, চলতি বছরের অর্জন ৪০২০০০০.০০, হার ১৩৫%, ঋণ আদায়ের হার গত মাস- ১০০%, ক্রমপুঞ্জিত- ৯৯.০০% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ৬০৫১৬০০০.০০ টাকা।<br>**৩। পরিবার ভিত্তিক কর্মসূচীর ঋণ বিতরণ ও আদায়:** ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ৪৮০০০০.০০, অর্থ বছরের অর্জন-০, হার ০% ঋণ আদায়ের হার- ১০০%, ক্রমপুঞ্জিত- ৯৯.৭৬% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৪০৭১৭১৮৯.০০<br>**৪। যুব ঋণ বিতরণ ও আদায় (জোড়দারকরণ):** ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা- ০, অর্থ বছরের অর্জন- ০, হার ০% ঋণ আদায়ের হার- ১০০%, ক্রমপুঞ্জিত- ১০০% ও ক্রমপুঞ্জিত অগ্রগতি ৬,২৪,০০০/- | ১-৪: সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করার জন্য বলা হয় এবং পরবর্তী সভায় প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য দাখিলের জন্য বলা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -১৮। উপজেলা বন বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় অনুপস্থিত এবং কার্যপত্র দাখিল করেননি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | ফরেষ্টার, বন বিভাগ<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ১৯। উপজেলা আইসিটি বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপস্থিত কিন্তু কার্যপত্র দাখিল করেননি। | নিয়মিত কার্যপত্র দাখিলের জন্য বলা হয়। | উপজেলা আইসিটি অফিসার<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ২০। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নিম্নোক্ত আলোচনা করেন:-<br>১। কালকিনি এলএসডি- চাল মজুদ- ৫২৮.৪০৯ মে. টন ও গম মজুদ- ২২.৩১২ মে.টন<br>২. খাসেরহাট এসএসডি- চাল-৪৯.১৩৯ মে.টন | স্বাভাবিকভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচলনার জন্য বলা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় - ২১। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় অনুপস্থিত এবং কার্যপত্র দাখিল করেননি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>কালকিনি, মাদারীপুর |

আলোচ্য বিষয় -২২। উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় অনুপস্থিত এবং কার্যপত্র দাখিল করেননি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |

আলোচ্য বিষয় -২৩। কৃষি উন্নয়ন কর্পোরেশন কার্যক্রম:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় অনুপস্থিত এবং কার্যপত্রও দাখিল করেননি। | নিয়মিত কার্যপত্র দাখিল ও সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়। | উচ্চতর-উপ-সহকারী প্রকৌশলী(সেচ) |

চলমান পাতা-০৮

CamScanner

২৪। রাজস্ব তহবিল এর বিভিন্ন ব্যয় অনুমোদন সংক্রান্ত আলোচনা:

| | | |
|---|---|---|
| ১। ব্যয়োত্তর অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ সভায় জরুরী ভিত্তিতে নিম্নলিখিত ব্যয় সমূহের অনুমোদন করার উপস্থাপন করা হয়:- ক। মালী এর মার্চ/২০২৫ মাসের দৈনিক মজুরী =১৭০৫০.০০ টাকা। খ। পরিছন্নতা কর্মীর মার্চ/২০২৫ মাসের দৈনিক মজুরী =১৭০৫০.০০ গ। মার্চ/২০২৫ মাসের ইন্টারনেট বিল =৪০০০.০০ টাকা। ঘ। মার্চ/২০২৫ মাসের আনুষঙ্গিক বিল =৫০০০.০০ টাকা ঙ। মার্চ/২০২৫ মাসের বিভিন্ন সভার আপ্যায়ন বিল =৩০০০০.০০ টাকা চ। উপজেলা পরিষদের বিভিন্ন রেজিষ্টার ক্রয় বাবদ ব্যয় বিল-২৫০০০.০০ টাকা। ছ। হাট-বাজার ইজারার বাবদ পত্রিকার বিজ্ঞাপন ব্যয় বিল = ১১০৪০.০০ টাকা। জ। উপজেলা পরিষদের আয়োজনে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উৎযাপন বাবদ বিভিন্ন ব্যয় বিল = ৮৬২১১.০০ টাকা। ঝ। পবিত্র ইদ উল ফিতর উপলক্ষ্যে উপজেলা পরিষদ অফিস ভবন ও উপজেলা চত্বরে আনসার সদস্য দ্বারা পাহাড়া বাবদ মজুরী বিল = ৫৮০০০.০০ টাকা। ঞ। উপজেলা পরিষদের আয়োজনে ১লা বৈশাখ ১৪৩২ এর বিভিন্ন ব্যয় বিল = ২৫০০০.০০ টাকা। | ১(ক-ঞ) উল্লিখিত বিল সমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে উক্ত বিল সমূহ অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার কালকিনি, মাদারীপুর। |

২৪। হাট-বাজার ইজারা তহবিলের ব্যয় অনুমোদন সংক্রান্ত আলোচনা:

| | | |
|---|---|---|
| ১। ব্যয়োত্তর অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ সভায় জরুরী ভিত্তিতে নিম্নলিখিত ব্যয় সমূহের অনুমোদন করার উপস্থাপন করা হয়:- ক। উপজেলা পরিষদ নিয়ন্ত্রিত সূর্যমনি হাটের বাজারের টলঘর, ওয়াশব্লকের সেইপটি ট্যাংক ও ড্রেন পরিষ্কারকরণ কাজ বাবদ- ২৫০০০.০০ টাকা। খ। উপজেলা পরিষদ নিয়ন্ত্রিত কালীগঞ্জ বাজারের টলঘর, ওয়াশব্লকের সেইপটি ট্যাংক ও ড্রেন পরিষ্কারকরণ কাজ বাবদ- ২৫০০০.০০ টাকা। গ। উপজেলা পরিষদ নিয়ন্ত্রিত নতুন আভারচর হাটের টলঘর, ওয়াশব্লকের সেইপটি ট্যাংক ও ড্রেন পরিষ্কারকরণ কাজ বাবদ- ২৫০০০.০০ টাকা। ঘ। উপজেলা পরিষদ নিয়ন্ত্রিত মোল্লারহাট টলঘর, ওয়াশব্লকের সেইপটি ট্যাংক ও ড্রেন পরিষ্কারকরণ কাজ বাবদ- ২৫০০০.০০ টাকা। ঙ। উপজেলা পরিষদ নিয়ন্ত্রিত স্নানঘাটা টলঘর, ওয়াশব্লকের সেইপটি ট্যাংক ও ড্রেন পরিষ্কারকরণ কাজ বাবদ- ২৫০০০.০০ টাকা। | ১(ক-ঙ) উল্লিখিত বিল সমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে উক্ত বিল সমূহ অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার কালকিনি, মাদারীপুর। |

২৫। উপজেলা পরিষদ কর্মচারীদের উচ্চতর গ্রেড প্রাপ্তি সংক্রান্ত আলোচনা ঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বিগত ২৪/০৪/২০২৫ খ্রি. তারিখ জনাব মোঃ রেজাউল করিম, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, কালকিনি, মাদারীপুর এবং জনাব মোঃ মিরাজুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, কালকিনি, মাদারীপুর জাতীয় বেতন স্কেল ২০১৫ এর অনুযায়ী ১ম উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য আবেদন করেছেন। রেকর্ড পত্র পর্যালোচনায় দেখা যায় কর্মচারীদ্বয় উপজেলা পরিষদ কার্যালয়, কালকিনি, মাদারীপুর এর বিগত ০১/০২/২০১৫ খ্রি তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক ০২/০২/২০১৫ খ্রি. তারিখের ০২(১০) নং স্মারকের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়ে ০৩/০২/২০১৫ খ্রি. তারিখ অত্র কার্যালয়ে যোগদান করেন। বিগত ০৩/০২/২০২৫ খ্রি. তারিখ তিনি তার চাকুরীকাল ১০(দশ) বছর সন্তোষজনকভাবে সম্পন্ন করেছেন। উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এবং জাতীয় বেতন স্কেল/২০১৫ (এস.আর.ও নং ৩৬৯-আইন/২০১৫) এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী ও অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ এর বাস্তবায়ন-১ শাখার ২১-০৯-২০১৬ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপাঅনুচ্ছেদ (৩) এর নির্দেশনার আলোকে উল্লিখিত কর্মচারীদের অনুকূলে ১ম উচ্চতর গ্রেড-২০, স্কেল (৮২৫০-২০০১০/-) টাকা মূল বেতন ১৩৫১০/- টাকা হতে গ্রেড-১৯, স্কেল (৮৫০০-২০৫৭০/-) টাকা মূল বেতন ১৩৯০০/- টাকা মঞ্জুর করা যেতে পারে। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে জনাব মোঃ রেজাউল করিম, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, কালকিনি, মাদারীপুর এবং জনাব মোঃ মিরাজুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, কালকিনি, মাদারীপুর এর অনুকূলে বিগত ০৪/০২/২০২৫ খ্রি. তারিখ হতে ১ম উচ্চতর গ্রেড-২০, স্কেল (৮২৫০-২০০১০/-) টাকা মূল বেতন ১৩৫১০/- টাকা হতে গ্রেড-১৯, স্কেল (৮৫০০-২০৫৭০/-) টাকা মূল বেতন ১৩৯০০/- টাকা মঞ্জুর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার কে বলা হয়। | উপজেলা নির্বাহী অফিসার কালকিনি, মাদারীপুর |

চলমান পাতা-০৯

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(উত্তম কুমার দাশ)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কালকিনি, মাদারীপুর

স্মারকনং: ৪৬.৪১.৫৪৪০.০০০.০০.০৩১.২০২৫-

তারিখ: ১৫ বৈশাখ, ১৪৩২
২৮ এপ্রিল, ২০২৫

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০২। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মাদারীপুর।
০৫। প্রশাসক, কালকিনি পৌরসভা।
০৬। উপজেলা ........................................ অফিসার, কালকিনি, মাদারীপুর।
০৭। চেয়ারম্যান ..................................ইউনিয়ন পরিষদ(সকল) কালকিনি,মাদারীপুর।
০৮। জনাব.................................................................................

(উত্তম কুমার দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
কালকিনি, মাদারীপুর

CamScanner